## উপজেলা শিশুকল্যাণ বোর্ডের ০১ নং সভার কার্যবিবরণী-

সভাপতি ঃ জনাব মোঃ আহসান মাহমুদ রাসেল
উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা।
সভা অনুষ্ঠানের তারিখ ঃ ১৭/০১/২০২৩ খ্রিঃ।
উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ]

### সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ

অদ্য সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতেই কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর জানান যে, শিশু আইন ২০১৩ এঁর ০৯ নং অনুচ্ছেদে উপজেলা শিশু কল্যান বোর্ড ও উহার কার্যাবলি বর্ণিত রয়েছে এবং অত্র উপজেলায় সেটির আলোকে পুর্নাংগ কমিটি গঠিত হয়েছে। বিধি মোতাবেক নিয়মিত উপজেলা শিশু কল্যাণ বোর্ডের সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের আবশ্যিকতা রয়েছে। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা অফিসার ও প্রবেশন কর্মকর্তা সভায় জানান, উপজেলায় প্রবেশন সংক্রান্ত ০৮ টি মামলা চলমান রয়েছে। বিজ্ঞ আদালতের নির্দেশে নিয়মিত ফলোআপ ও মনিটরিং প্রতিবেদন প্রেরণ করা হয়। ইতোমধ্যে একাধিক মামলা চূড়ান্ত নিষ্পত্তির পর্যায়ে রয়েছে। তবে কয়েকটি প্রবেশন আদেশের নথিতে মামলার আসামীদের সাথে যোগাযোগের কোন ফোন/মোবাইল নম্বর উল্লেখ থাকে না ফলে তাঁদের খুজে পেতে স্থানীয় ইউপি চেয়ারম্যান/ মেম্বরদের সহায়তা গ্রহণ ছাড়া উপায় থাকেনা। কিন্তু যেগুলোতে ফোন নম্বর উল্লেখ থাকে সেসব প্রবেশনারদের যোগাযোগ ও মনিটরিং সহজ হয়। | প্রবেশনারদের নিয়মিত ফলোআপ এবং মনিটরিং প্রতিবেদন প্রেরণ নিশ্চিত কল্পে স্থানীয় জনপ্রতিনিধিদের সহায়তা গ্রহণের প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>০২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০২ | সভায় সদস্য সচিব জানান যে, শিশুদের সুরক্ষায় দেশব্যাপী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদফতরের অধীনে ইউনিসেফের সহায়তায় চাইল্ড হেল্পলাইন **১০৯৮** চালু হয়েছে। দেশের যেকোনো প্রান্তের কোনো শিশু কোনো ধরনের সহিংসতা, নির্যাতন ও শোষনের শিকার হলে শিশু নিজে অথবা অন্য যে কোন ব্যক্তি বিনামূল্যে **১০৯৮ হেল্পলাইনে** ফোন করে সহায়তা চাইতে পারবেন।<br>o শিশু নির্যাতন, শিশু পাচার, বাল্যবিবাহ রোধ করতে এবং শিশুদের আইনি সেবা দিতে **১০৯৮** হেল্পলাইন সাহায্য করে;<br>o **১০৯৮** হেল্পলাইন টেলিফোন পরিসেবার মাধ্যমে শিশুর জরুরী সেবা/ঝুকিপূর্ণ অবস্থা থেকে শিশুকে উদ্ধার ছাড়াও টেলিফোনে কাউন্সিলিং সেবা দিয়ে থাকে;<br>o নিরাপদ আশ্রয়, পুর্নবাসন ও নেটওয়ার্কের আওতাভুক্তকরনের মাধ্যমে শিশুদেরকে সমাজে বিদ্যমান সামাজিক সুরক্ষার সঙ্গে যোগাযোগ স্থাপনে সহায়তা করে। | শিশু নির্যাতন, শিশু পাচার, বাল্যবিবাহ রোধ সহ জরুরি পরিসেবায় ১০৯৮ হেল্পলাইন নম্বরে ফোন করে সহায়তার বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | সভায় সদস্য সচিব জানান যে, উপতত্ত্বাবধায়ক মহিলা ও শিশু-কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফহোম) এঁর পত্র ৪১.০১.২৯০০.০২৮.১৮.০০১.২২-৫১৬ তারিখঃ ৩০/১০/২০২২খ্রিঃ মোতাবেক জানা যায় বিগত ০৪/০৯/২০১৮ খ্রিঃ তারিখে সদরপুর থানার সাধারণ ডায়েরি নং-১৩৫ মূলে মানসিক প্রতিবন্ধী শিশু তানিয়া বর্তমান বয়স আনুমানিক ১২ কে সেফহোম ফরিদপুরে প্রেরণ করা হয়। শিশুটির সুচিকিৎসা এবং সর্বোত্তম সুরক্ষা নিশ্চিত কল্পে বিজ্ঞ নারী ও শিশু আদালতের সানুগ্রহ সিদ্ধান্ত মোতাবেক মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান রউফাবাদ, চট্টগ্রামে স্থানান্তর করা | শিশুটির সুচিকিৎসা এবং সর্বোত্তম সুরক্ষা নিশ্চিত কল্পে মহিলা ও শিশু-কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফহোম) হতে সদরপুর থানার জিডি নং-১৩৫ তারিখঃ ০৪/০৯/২০১৮ এঁর তদন্তকর্মকর্তার মাধ্যমে বিজ্ঞ নারী ও শিশু আদালতে উপস্থাপনের মাধ্যমে বিজ্ঞ নারী ও | অফিসার ইনচার্জ সদরপুর থানা, ফরিদপুর।<br>ও<br>(সংশ্লিষ্ট সকল) |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | যেতে পারে। এমতাবস্থায়, শিশু তানিয়া কে সদরপুর থানার জিডি নং-১৩৫ তারিখঃ ০৪/০৯/২০১৮ এঁর তদন্তকর্মকর্তার মাধ্যমে বিজ্ঞ নারী ও শিশু আদালতে উপস্থাপনের মাধ্যমে স্থানান্তরের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | শিশু আদালতের সানুগ্রহ সিদ্ধান্ত মোতাবেক মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান রউফাবাদ, চট্টগ্রামে স্থানান্তর করা যেতে পারে মর্মে সভায় বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আহসান মাহমুদ রাসেল)
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর ফরিদপুর।
ও
সভাপতি
"উপজেলা শিশু কল্যাণ বোর্ড"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
dss.sadarpur.faridpurrer.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২৩-

তারিখঃ ০৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি, ২০২৩খ্রিঃ।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর আগারগাঁও, ঢাকা।
২। পরিচালক (প্রতিষ্ঠান) সমাজসেবা অধিদফতর আগারগাঁও, ঢাকা।
৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ফরিদপুর।
৫। পুলিশ সুপার, ফরিদপুর।
৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৭। বিজ্ঞ বিচারক, নারী ও শিশু আদালত, ফরিদপুর।
৮। উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
৯। প্রবেশন অফিসার, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
১০। অফিসার ইন চার্জ, সদরপুর থানা, ফরিদপুর।
১১। উপতত্ত্বাবধায়ক, মহিলা ও শিশু কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফহোম), ফরিদপুর।
১২। অফিস কপি।

(কাজী শামীম আহমেদ)
উপজেলা সমাজসেবা অফিসার
সদরপুর, ফরিদপুর।
ও
সদস্য সচিব
"উপজেলা শিশু কল্যাণ বোর্ড"

CamScanner